

2021
CLASS –IX(Phase 2)
BENGALI

Total marks: 40

Time: 1½ hours

General Instructions:

- (i) Approximately 8 minutes is allotted to read the question paper and revise the answers.
- (ii) The question paper consists of 13 questions. All questions are compulsory.
- (iii) Internal choice has been provided in some questions.
- (iv) Marks allotted to every question are provided indicated against it.

N.B.: Check that all pages of the question paper are complete as indicated on the top left side.

রচনা ও নির্মিতি (Writing)

1. নিচের যে কোনও একটি বিষয় বেছে নিয়ে ১০০ থেকে ১৫০ শব্দের মধ্যে উত্তর দাওঃ

- (ক) তুমি গৌরব মাইতি। তোমার বন্ধু তেজস সম্প্রতি চিঠি লিখে জানিয়েছে যে তার প্রিয় বিষয় বাংলা। তোমার প্রিয় বিষয় কী সেই বিষয়ে অবগত করে সেই বিষয়টি তুমি কিভাবে উৎসাহের সঙ্গে শিখছ, সে কথা জানিয়ে বন্ধু তেজসকে একটি চিঠি লেখো।

অথবা

6

- (খ) নিচের সূত্রগুলি দিয়ে একটি গল্প রচনা করে তার একটি উপযুক্ত নাম দাও।

এক কাঠুরে নদীর ধারে কাঠ কাটছিল..... হাত ফসকে কুড়ুলটি নদীতে পড়ে গেল.....সে সাঁতার জানত না.....কুড়ুলের শোকে নদীর পাড়ে বসে নিজের কপাল চাপড়ে কাঁদতে লাগল.....বনদেবী দেখা দিলেন.....কথা দিলেন তার কুড়ুল ফিরিয়ে দেবেন.....জলে ডুব দিলেন.....একটি সোনার কুড়ুল নিয়ে উঠে এলেন..... কাঠুরে জানাল সেটি তার নয়.....বনদেবী আবার ডুব দিয়ে একটি রুপোর কুড়ুল নিয়ে উঠে এলেন.....কাঠুরে বিরক্ত হয়ে জানাল সেটিও তার নয়.....আবার নদীতে ডুব দিয়ে কাঠুরের কুড়ুলটি নিয়ে উঠে এলেন..... “এটা আমার” আনন্দে লাফিয়ে উঠল কাঠুরে..... সে ছিল প্রকৃতই সৎ.....বনদেবী তাকে ওই তিনটে কুড়ুলই উপহার স্বরূপ দান করলেন।

2. ৪০ থেকে ৫০ টি শব্দে নিচের যে কোনও একটি প্রশ্নের উত্তর দাওঃ

- (ক) তুমি কোহিমার নিউমার্কেট এলাকার বাসিন্দা শ্রী সোমা তোমার এন বি এস ই পাঠক্রমে নবম শ্রেণিতে পাঠরত মেয়ের জন্যে একজন গৃহশিক্ষক (Private Tutor) খুঁজছো। উপযুক্ত শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন একজন গৃহশিক্ষক চেয়ে খবরের কাগজে একটি বিজ্ঞাপন(advertisement) দাও।

অথবা

4

- (খ) তুমি নবম শ্রেণিতে পাঠরত বন্দন/বন্দিতা, মোককচং প্যারামাউন্ট স্কুলের সাংস্কৃতিক সম্পাদক। তোমরা একটি আন্তঃস্কুল আভিনব পোশাক প্রদর্শনীর প্রতিযোগিতার(Inter-School Fancy Dress Competition) আয়োজন করেছো, সে কথা জানিয়ে স্কুলের বিজ্ঞপ্তি ফলকে(Notice Board) একটি বিজ্ঞপ্তি(Notice) দাও।

ব্যাকরণ ও অনুবাদ (Grammar and Translation)

3. নিচের বিকল্পগুলি থেকে সঠিক উত্তরটি বেছে নাওঃ

- (ক) স্বত্ব ত্যাগ করে যাকে কিছু দান করা হয়, তাকে বলা হয় — 1
- | | |
|---------------------|-----------------|
| (i) কর্তৃকারক | (ii) কর্মকারক |
| (iii) সম্প্রদানকারক | (iv) অধিকরণকারক |
- (খ) ‘আষাঢ়ে গল্প’ মানে — 1
- | | |
|--------------------------|-----------------------------------|
| (i) দীর্ঘসূত্রতা | (ii) অল্প সময়ের মধ্যে উন্নতি করা |
| (iii) অপাণ্ডে জ্ঞানবিতরণ | (iv) অবিশ্বাস্য অবাস্তব কাহিনি |
- (গ) শূন্য বিভক্তি হল — 1
- | | |
|-----------------------|------------------------|
| (i) প্রথমা বিভক্তি | (ii) দ্বিতীয়া বিভক্তি |
| (iii) তৃতীয়া বিভক্তি | (iv) সপ্তমী বিভক্তি |

4. কারক-বিভক্তি নির্ণয় করঃ

- (i) ছেলেরা মাঠে ফুটবল খেলছে। 1
- (ii) সকালের পাঠ দীর্ঘদিন মনে থাকে। 1
- (iii) ভূতের ভয়ে কেউ সন্ধ্যার পর পোড়োবাড়িটার ওদিকে যায় না। 1

5. সার্থক বাক্যরচনা করঃ
- (i) কাটা ঘায়ে নুনের ছিটে 1
- (ii) চোখের বালি 1
6. বাংলায় অনুবাদ করঃ
- (i) An honest man is respected everywhere. 1
- (ii) Where is the kitchen? 1

সাহিত্য – গদ্যাংশ ও পদ্যাংশ (Literature)

7. নিচের বিকল্পগুলি থেকে সঠিক উত্তরটি বেছে নাওঃ
- (ক) রামের ছোঁড়া পেয়ারায় আঘাত পেয়েছিল— 1
- (i) দিগম্বরী (ii) নিত্যকালী
- (iii) নারায়ণী (iv) সুবধুনী
- (খ) বাংলা সাহিত্যে কে ‘ছন্দের জাদুকর’ নামে বিখ্যাত? 1
- (i) সুধীন্দ্রনাথ দত্ত (ii) সত্যেন্দ্রনাথ দত্ত
- (iii) মধুসূদন দত্ত (iv) আজিত দত্ত
- (গ) ‘ভারতবর্ষ’ পাঠে বৃদ্ধ কার লেখা রামায়ণ পাঠ করছিলেন? 1
- (i) বাল্মীকি (ii) তুলসীদাস
- (iii) কৃত্তিবাস (iv) কালিদাস

২০ থেকে ২৫ টি শব্দে নিচের প্রশ্নগুলির উত্তর দাওঃ

8. সাতদিনেও নারায়ণীর জ্বর না-ছাড়ায় রাম ডাক্তারকে কীভাবে শাসিয়েছিল? 2
9. ‘কবর’ কবিতায় দাদু কোন হাটে কত দরে তরমুজ বেচতেন? সেই তরমুজ বেচে তিনি দাদীর জন্যে কী কিনতেন? 1+1=2
10. ‘ভারতবর্ষ’ পাঠের মুদিখানাটি কিসের প্রতীক? মুদিখানাটির একটি সংক্ষিপ্ত বর্ণনা দাও। 2
11. ‘আমরা’ কবিতায় কবির মতে বাঙালি কোথায় বাস করে? বাংলার কবি কাকে বলা হয়? 1+1=2

কম-বেশি ৪০-৫০ টি শব্দে নিচের প্রশ্নগুলির উত্তর দাওঃ

12. (ক) “কর্মযোগে তাঁর সাথে এক হয়ে ঘর্ম পড়ুক ঝরো।।” —
- | | | |
|-------|----------------------------------|---|
| (i) | কোন কবিতার অংশ? | 1 |
| (ii) | কোন মূল কাব্যগ্রন্থ থেকে সংকলিত? | 1 |
| (iii) | কর্মযোগ বলতে কী বোঝায়? | 1 |
| (iv) | কর্মের প্রকৃত অর্থ কী? | 1 |

অথবা

- (খ) “আমরা বাঙালি বাস করি সেই বাঞ্ছিত ভূমি বঙ্গ” —
- | | | |
|-------|---------------------------------------|-----|
| (i) | কোন কবিতার অংশ? | (1) |
| (ii) | কবি কে? | (1) |
| (iii) | কবি বঙ্গকে ‘বাঞ্ছিত ভূমি’ বলেছেন কেন? | (2) |

৬০ থেকে ৯০ টি শব্দে নিচের প্রশ্নগুলির উত্তর দাওঃ

13. (ক) কবর’ কবিতা অবলম্বনে বৃদ্ধ দাদুর গভীর দাম্পত্য প্রেমের সৌন্দর্য যেভাবে প্রকাশিত হয়েছে তা নিজের ভাষায় লেখো।
- অথবা
- (খ) কর্মের মধ্যে দিয়ে দেবতার সান্নিধ্য পাওয়া যায় — কথাটির যথার্থ আলোচনা কর।
